কৃষির সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০

(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)

www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.০১.০১.০১৩.২০০৪- [illegible] তারিখঃ [illegible] অক্টোবর ২০১৭

বরাবর
যুগ্মপরিচালক (সার)
বিএডিসি, ঢাকা।

বিষয়ঃ ঢাকা অঞ্চলের মুন্সিগঞ্জ জেলার টঙ্গিবাড়ী উপজেলায় ৪০০ মেঃটন ধারণক্ষমতাসম্পন্ন সার গুদাম ও অন্যান্য স্থাপনাদির ভাড়া চুক্তির মেয়াদ নবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ আপনার দপ্তরের স্মারক নং-৪৫২ তারিখ: ০৬ মে ২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টঙ্গিবাড়ী ৪০০ মেঃটন ধারণক্ষমতাসম্পন্ন সার গুদাম ও অন্যান্য স্থাপনাদি সর্বশেষ মাসিক ভাড়া ৭,৯৯৮/- টাকার উপর সংস্থার সর্বশেষ সিদ্ধান্ত মোতাবেক প্রতি বছরান্তে ২০% হারে ভাড়া বৃদ্ধির শর্তে ১ম বছরের মাসিক ভাড়া ৯,৫৯৮/- (নয় হাজার পাঁচশত আটানব্বই) টাকা এবং ২য় বছরের মাসিক ভাড়া ১১,৫১৮/- (এগার হাজার পাঁচশত আঠার) টাকা হিসাবে ভাড়াটিয়ার অনুকূলে ০১/০১/২০১৮ তারিখ হতে ৩১/১২/২০১৯ তারিখ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ভাড়া চুক্তি নবায়ন করা হলো।

শর্তাবলিঃ

১. ভাড়াটিয়া কি কাজে গুদাম ব্যবহার করে তা চুক্তিপত্রে সন্নিবেশিত থাকতে হবে। তাছাড়া ভাড়াটিয়ার ব্যবসার ধরন কি ভাড়াটিয়াকে তারও প্রত্যয়ন পত্র দিতে হবে।

২. ন্যূনতম ২০% হারে ভাড়া বৃদ্ধির শর্ত চুক্তিপত্রে সন্নিবেশ করতে হবে।

৩. সংস্থা/ভাড়াটিয়ার প্রয়োজনে ৯০ (নব্বই) দিনের নোটিশে ভাড়াটিয়া বিনা শর্তে গুদাম ও স্থাপনা ছেড়ে দেয়ার কথা চুক্তিনামায় লিপিবদ্ধ থাকতে হবে।

৪. সরকারি নিয়মানুযায়ী গুদাম ভাড়ার উপর ভাড়াটিয়া ভ্যাট ও উৎসে কর পরিশোধের শর্ত চুক্তিপত্রে লিপিবদ্ধ থাকতে হবে।

৫. ভাড়াটিয়াকে নিজ খরচে গুদাম মেরামত করতে হবে। গুদাম মেরামত খরচ, এ উদ্দেশ্যে ঋণ/কর্জ গ্রহণ, অন্যান্য মেরামতের গুদাম রক্ষণাবেক্ষণ ইত্যাদি কাজে ব্যবহৃত খরচ ভাড়াটিয়া নিজে করবে। [illegible]

৬. [illegible]

৭. [illegible]

৮. প্রতি ইংরেজি মাসের ০৫ (পাঁচ) তারিখের মধ্যে ভাড়া গুদাম করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ভাড়া পরিশোধ না করলে ভাড়াটিয়ার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৯. সংশ্লিষ্ট যুগ্ম পরিচালক কর্তৃক সত্যায়িত ভাড়াটিয়ার ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি চুক্তিপত্রের সঙ্গে সংযুক্ত করে প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, গুদাম ভাড়া, ভ্যাট, উৎসে কর ও অন্যান্য পাওনা আদায়পূর্বক নিয়মিত মাসিক প্রতিবেদন সার ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে।

১০. চুক্তিপত্রে আরবিট্রেশানের বিষয়ে লিপিবদ্ধ করা যাবে না।

এমতাবস্থায়, বর্ধিত হারে ০৬ (ছয়) মাসের ভাড়ার সমপরিমাণ অর্থ জামানত, বকেয়াসহ হালনাগাদ ভাড়া, ভাড়ার উপর ভ্যাট এবং অন্যান্য পাওনা আদায়ের প্রমাণকসহ ঢাকা অঞ্চলের মুন্সিগঞ্জ জেলার টঙ্গিবাড়ী উপজেলায় ৪০০ মেঃটন ধারণক্ষমতাসম্পন্ন সার গুদাম ও অন্যান্য স্থাপনাদির উল্লিখিত সময়ের নবায়ন চুক্তি সম্পাদনের নিমিত্তে শর্ত চুক্তিপত্রে সন্নিবেশপূর্বক নন জুডিশিয়াল স্ট্যাম্পে ৩০০/- (তিন শত) টাকা মূল্যমানের ০৩ (তিন) সেট চুক্তিনামার খসড়া গ্রহণ করে সচিব, বিএডিসি, ঢাকা মহোদয়ের চূড়ান্ত স্বাক্ষরের জন্য যথাসময়ে সার ব্যবস্থাপনা বিভাগে প্রেরণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

(আশুতোষ লাহিড়ী)
মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)
বিএডিসি, ঢাকা।
ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপিঃ

১. মেসার্স এ জে এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ আনোয়ার হোসেন, পিতা- মৃতঃ আছান উদ্দিন বেপারী, গ্রাম+পোস্ট- সোনারং, থানা-টঙ্গিবাড়ী, জেলা-মুন্সিগঞ্জ।

২. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের জন্য)।